কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নতুন পাঠক্রম (UNDER CCF) অনুসারে স্নাতক স্তরে EDUCATION, 1ST SEMESTER (MAJOR, MDC & MINOR) & 3RD SEMESTER–এর (MINOR) কোর্সের জন্য

Under CCF

NEW Syllabus

প্রশ্নোত্তরে

# শিক্ষার ভূমিকা এবং দার্শনিক ভিত্তি

# Introduction and Philosophical Foundation of Education

**Semester - 1 / 3 (Major, MDC & Minor)**




দেবকুমার হালদার

সম্পাদনায়ঃ সুপর্ণা হালদার



Edubitan

ডিজিটাল সংস্করণ (eBook)

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নতুন পাঠক্রম (UNDER CCF) অনুসারে স্নাতক স্তরে EDUCATION, 1ST SEMESTER (MAJOR, MDC & MINOR) & 3RD SEMESTER–এর (MINOR) কোর্সের জন্য

Under CCF
NEW
Syllabus

প্রশ্নোত্তরে


# শিক্ষার ভূমিকা এবং দার্শনিক ভিত্তি

## Introduction and Philosophical Foundation of Education

**Semester - 1 / 3 (Major, MDC & Minor)**


দেবকুমার হালদার

B.A Education (Hons.), M.A. in Education, B.Ed., M.Phil in Education (University of Calcutta)


সম্পাদনায়ঃ

সুপর্ণা হালদার

B.A Education (Hons.), M.A. in Education (University of Calcutta)





Edubitan

ডিজিটাল সংস্করণ (eBook)

# (Shikshar Bhumika Ebong Darsanik Vitti)
# শিক্ষার ভূমিকা এবং দার্শনিক ভিত্তি

✦ ISBN - 978-93-344-3549-8

© by Author

লেখকের লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনো অংশের কোনো ধরনের প্রতিলিপি বা পুনরুৎপাদন করা যাবে না। এই বইটির পিডিএফ কোনো ব্যক্তি অন্য কোনো ব্যক্তিকে দিতে পারবেন না বা শেয়ার করতে পারবেন না এবং বইটির ক্রেতার ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য। এই শর্ত অমান্য করা হলে উপযুক্ত আইনি ব্যবস্থা নেওয়া হবে।

✪ গ্রন্থস্বত্ব - লেখক

✤ প্রথম প্রকাশ -

অক্টোবর, ২০২৫



মূল্য ₹ ১০০.০০

(একশত টাকা মাত্র)

# PDF বইটি কিনবেন কিভাবে?

| ধাপ | প্রক্রিয়া | বিস্তারিত |
|---|---|---|
| 1 | অর্ডার করুন (Order) | store.edubitan.com-এর নির্দিষ্ট লিঙ্ক বা Home/Shop পেজে "Add to cart" অপশন ক্লিক করুন ⟶ View Cart , ⟶ Process to Checkout ⟶ Contact information ⟶ Place Order ⟶ পেমেন্ট অপশন (GPay/Bank etc) ⟶ Complete Payment ⟶ Download Pdf |
| 2 | ডেমো PDF দেখুন (View Demo PDF) | Add to cart / Buy অপশনের উপরে Demo PDF অপশন থাকবে। এখানে বইটির ডেমো কপি দেখতে পারবেন। |
| 3 | পেমেন্ট করুন (Make Payment) | পেমেন্ট ফর্ম সঠিকভাবে পূরণ করে পেমেন্ট করলে অটোম্যাটিকভাবে ডাউনলোড পেজ ওপেন হবে ও পিডিএফ ডাউনলোড করতে পারবেন। |
| 4 | সমস্যা হলে যোগাযোগ (Contact for Issues) | সমস্যা হলে edubitan.com@gmail.com –এই মেল আইডিতে পেমেন্ট স্ক্রিনশটসহ ইমেইল করতে হবে। সাথে WhatsApp নম্বর উল্লেখ করুন। ২৪-৭২ ঘণ্টার মধ্যে সমাধান করা হবে। |
| 5 | শুধুমাত্র পিডিএফ (PDF Only) | এটি কেবল **ডিজিটাল পিডিএফ কপি** (eBook), কোনো প্রিন্ট বা হার্ড কপি পাওয়া যাবে না। |
| 6 | রিফান্ড নীতি (Refund Policy) | একবার পেমেন্ট করলে **রিফান্ড দেওয়া হবে না।** |
| 7 | বিস্তারিত তথ্য (More Info) | বিস্তারিত জানতে store.edubitan.com ভিজিট করুন। |
| **ধন্যবাদ** | | |

# ভূ মি কা –

বর্তমানে জাতীয় শিক্ষানীতি 2020 (NEP 2020) অনুসারে শিক্ষাব্যবস্থায় আমূল পরিবর্তন সূচিত হয়েছে। এর ভিত্তিতে 2023-2024 শিক্ষাবর্ষ থেকে স্নাতক/বি.এ. (UG) স্তরের পাঠক্রম নতুনভাবে সুসজ্জিত হয়েছে। শিক্ষার্থীদের ভবিষ্যৎ চাহিদার দিকটি বিবেচনা করে আমরা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নতুন পাঠক্রম (Under CCF) অনুসারে স্নাতক স্তরে শিক্ষাবিজ্ঞান (Education) 1st Semester (Major, MDC & Minor) & 3rd Semester-এর (Minor) কোর্সের জন্য অন্তর্ভুক্ত ***'প্রশ্নোত্তরে শিক্ষার ভূমিকা এবং দার্শনিক ভিত্তি' [Introduction & Philosophical Foundation of Education]*** নামক পুস্তকটি রচনা করেছি।

শিক্ষার্থীদের গ্রহণযোগ্যতা ও সামর্থ্যের উপর গুরুত্ব আরোপ করে নতুন প্রশ্নরীতি অনুসারে পুস্তকটিতে সহজ সরল ভাষায় প্রতিটি অধ্যায় সুবিন্যস্ত ও সুসংবদ্ধভাবে বিভিন্ন প্রশ্ন ও উত্তর আলোচনা করা হয়েছে। আমরা আশাবাদী যে, এই পুস্তকটি সকল শিক্ষার্থী, শিক্ষানুরাগী ব্যক্তিবর্গ ও পাঠকগণের কাছে বিষয়বস্তু অনুধাবনে সহজবদ্ধ হবে।

শিক্ষাক্ষেত্রে একাধিক শিক্ষানুরাগী ব্যক্তি, সম্মানীয় অধ্যাপক, সহকর্মী ও অন্যান্য শুভানুধ্যায়ী ব্যক্তিগণ এই পুস্তকটি রচনার ক্ষেত্রে সবসময় উৎসাহ দান ও অনুপ্রেরণা দিয়েছেন তাঁদেরকে আমরা আন্তরিক কৃতজ্ঞতা জানাই। সবশেষে আমাদের সেই প্রিয় ছাত্রছাত্রী, যাদের উদ্দেশ্যে এই আন্তরিক ও সৎ প্রচেষ্টা, তারা যদি এই বই থেকে কোনোরকম উপকৃত হয়, তাহলেই আমাদের লেখনী সার্থক হয়েছে বলে মনে করব। বইটির আরও শ্রীবৃদ্ধি ঘটানোর জন্য সকলের সুচিন্তিত ও গঠনমূলক মতামত আমাদের কাছে সাদরে গ্রহণযোগ্য।

Edubitan

**ধন্যবাদান্তে,**

**অক্টোবর, ২০২৫**

**দেবকুমার হালদার**

**সম্পাদনায় – সুপর্ণা হালদার**

# কলিকাতা বিশ্ববিদ্যালয়

সাম্মানিক (অর্নাস/মেজর) ও

সাধারণ (জেনারেল/মাইনর)-স্নাতক

Education প্রথম / তৃতীয় সেমেস্টারের

নতুন সিলেবাস (Under CCF)

## Introduction and Philosophical Foundation of Education

**Unit- I: Concept of Education**

- Narrow and broader concept of education
- Aims of modern education with special reference to Delor's Commission.
- Indian School of Philosophy – Vedic (Samkhya and Yoga), Buddhism
- Western School of Philosophy – Naturalism and Pragmatism

**Unit- II: Factors of Education**

- Child / learner: influence of heredity and environment on the learner
- Teacher: qualities and duties of a good teacher.
- Curriculum- concept and types.
- Co-curricular activities: meaning, values and significance.
- Educational institutions: Informal (Family), Formal (School) and Non-formal (Media) their interrelation.

**Unit- IV: Child Centricism and Play-way in Education**

- Concept of child centricism in education - Definition and Principles
- Characteristics and significance of child centricism in education.
- Concept of play and work.
- Characteristics of play way in Education, Kindergarten, Montessori, Project method.

# কলিকাতা বিশ্ববিদ্যালয়

## Under CCF

## Semester – 1

## শিক্ষাবিজ্ঞান (Education) সিলেবাস

## CC, Minor & MDC Paper

| শিক্ষার ভূমিকা এবং দার্শনিক ভিত্তি (Introduction and Philosophical Foundation of Education) | |
|---|---|
| ইউনিট - ১ | ❖ শিক্ষার ধারণা -<br>➢ শিক্ষার সংকীর্ণ এবং ব্যাপক অর্থ ও ধারণা<br>➢ ডেলরের কমিশনের আধুনিক শিক্ষার লক্ষ্য<br>➢ ভারতীয় দর্শন - বৈদিক (সাংখ্য ও যোগদর্শন) এবং বৌদ্ধদর্শন<br>➢ পাশ্চাত্য দর্শন – প্রকৃতিবাদ ও প্রয়োগবাদ |
| ইউনিট - ২ | ❖ শিক্ষার উপাদানসমূহ -<br>➢ শিশু/শিক্ষার্থী - শিক্ষার্থীর শিক্ষায় বা বিকাশে বংশগতি এবং পরিবেশের প্রভাব<br>➢ শিক্ষক - একজন আর্দশ শিক্ষকের গুণাবলী এবং কর্তব্য।<br>➢ পাঠ্যক্রম এবং সহ-পাঠক্রমিক কার্যাবলী - সহপাঠক্রমিক কার্যাবলীর ধারণা, প্রকারভেদ এবং তাৎপর্য।<br>➢ শিক্ষাগত প্রতিষ্ঠান – অপ্রথাগত (পরিবার), প্রথাগত (বিদ্যালয়) এবং প্রথাবর্হিভূত (মিডিয়া বা গণমাধ্যম) এবং তাদের মধ্যে আন্তঃসম্পর্ক। |
| ইউনিট - ৩ | ❖ শিক্ষায় শিশুকেন্দ্রিকতা এবং খেলাভিত্তিক শিক্ষা -<br>➢ শিক্ষায় শিশুকেন্দ্রিকতার ধারণা – সংজ্ঞা ও নীতি<br>➢ শিশুকেন্দ্রিক শিক্ষার বৈশিষ্ট্য এবং তাৎপর্য<br>➢ খেলা এবং কাজের ধারণা<br>➢ খেলাভিত্তিক শিক্ষার বৈশিষ্ট্য<br>➢ কিন্ডারগার্টেন, মন্টেসরি ও প্রকল্প পদ্ধতি |

Edubitan

# কলিকাতা বিশ্ববিদ্যালয়

সাম্মানিক (অর্নাস/মেজর) ও সাধারণ (জেনারেল/মাইনর)-স্নাতক

## Education প্রথম / তৃতীয় সেমেস্টার

## পরীক্ষার প্রশ্নপত্রের মার্কস বিন্যাস

| সর্বমোট - ১০০ (লিখিত - ৭৫, টিউটোরিয়াল - ২৫) | |
|---|---|
| ১. রচনাধর্মী প্রশ্ন -<br>যে-কেনো তিনটি প্রশ্নের উত্তর লিখতে হবে। | প্রতিটি প্রশ্নের মান – ১০ |
| ২. সংক্ষিপ্তধর্মী প্রশ্ন -<br>যে-কেনো পাঁচটি প্রশ্নের উত্তর লিখতে হবে। | প্রতিটি প্রশ্নের মান – ৫ |
| ৩. অতি সংক্ষিপ্তধর্মী প্রশ্ন -<br>দশটি প্রশ্নের উত্তর লিখতে হবে। | প্রতিটি প্রশ্নের মান - ২ |

Edubitan.

# সূচিপত্র


| | |
|---|---|
| অধ্যায় – ১ শিক্ষার ধারণা (Concept of Education) | ৭ – ৩৫ |
| অধ্যায় – ২ শিক্ষার উপাদান (Factors of Education) | ৩৬ – ৬৫ |
| অধ্যায় – 3 শিশুকেন্দ্রিক ও খেলাভিত্তিক শিক্ষা (Child Centricism and Play-way in Education) | ৬৬ — ৮৫ |
| বিশ্ববিদ্যালয়ের প্রশ্নপত্র (University Question) | ৮৬ — ৮৮ |


Edubitan.

# শিক্ষার ভূমিকা এবং দার্শনিক ভিত্তি

# (Introduction and Philosophical Foundation of Education)

Edubitan.

# অধ্যায় – ১ শিক্ষার ধারণা (Concept of Education)

রচনাধর্মী প্রশ্নোত্তর - প্রতিটি প্রশ্নের মান – 10

প্রশ্ন – ১ 'শিক্ষা'র সংজ্ঞা দাও। শিক্ষার সংকীর্ণ ও ব্যাপক অর্থ সংক্ষেপে ব্যাখ্যা করো। (Define 'Education'. Briefly explain the narrow and broader meaning of education.) *CU (MDC) 23, CU (Hons.) 24,*

✪ উত্তর – ✦✦ শিক্ষা'র সংজ্ঞা (Definition of Education) - শিক্ষা হল একটি সারা জীবনব্যাপী প্রক্রিয়া যার মধ্য দিয়ে শিশুর সর্বাঙ্গীন বিকাশ সাধন সম্ভবপর হয়ে থাকে। তাই শিক্ষার মাধ্যমে শারীরিক, আধ্যাত্মিক, মানসিক, সামাজিক, নৈতিক, চারিত্রিক প্রভৃতি দিকের বিকাশ সাধন সম্ভবপর হয়।

✤ উপনিষদ অনুযায়ী শিক্ষা - শিক্ষা হল এমন প্রক্রিয়া যেটি মানুষকে সংস্কারমুক্ত করে তোলে।

✤ ঋগ্বেদ অনুযায়ী শিক্ষা - শিক্ষা হল এমন প্রক্রিয়া যা ব্যক্তিকে আত্মনির্ভরশীল ও স্বার্থশূন্য করে গড়ে তোলে।

✤ স্বামী বিবেকানন্দের মতে শিক্ষা হল - শিশুর অন্তর্নিহিত সত্তার পরিপূর্ণ বিকাশ সাধন। ("Education is the manifestation of the perfection already in man.")

✤ গান্ধিজির মতানুযায়ী - "By education, I mean an all-round drawing out of the best in child and man -body, mind and spirit." অর্থাৎ শিশুর দেহ, মন ও আত্মার সুষম বিকাশ সাধন।

Edubitan.

✦✦ শিক্ষার সংকীর্ণ ও ব্যাপক অর্থ সংক্ষেপে ব্যাখ্যা - শিক্ষার অর্থকে বিশ্লেষণ করলে এটি দুটি অর্থ পাওয়া যায়। যথা -

i) শিক্ষার সংকীর্ণ অর্থ এবং

ii) শিক্ষার ব্যাপক অর্থ।

এই দুটি নিম্নে আলোচনা করা হল -

i) সংকীর্ণ অর্থে শিক্ষা (Narrow Meaning of Education) -

সংকীর্ণ অর্থে শিক্ষা বলতে বোঝানো হয় এমন এক শিক্ষা যা মূলত পুঁথিগত জ্ঞান (Bookish Knowledge) অর্জনের মাধ্যমে শিক্ষার্থীর মধ্যে জ্ঞান বিস্তার করে। এই শিক্ষায় শিক্ষার্থী কেবলমাত্র নির্দিষ্ট পাঠ্যবই, শিক্ষাপ্রতিষ্ঠান ও শিক্ষকের উপর নির্ভর করে থাকে। এখানে শিক্ষক বা গ্রন্থকে ধরা হয় জ্ঞানের প্রধান ভাণ্ডার হিসেবে। ফলে শিক্ষার্থীকে নির্দিষ্ট বিষয়ভিত্তিক জ্ঞান অর্জন করতে হয় যা সাধারণত পরীক্ষাভিত্তিক মূল্যায়নের মাধ্যমে যাচাই করা হয়।

এই শিক্ষার ধরণ মূলত বিদ্যালয়, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রমে দেখা যায়। এখানে জ্ঞানকে একটি নির্দিষ্ট কাঠামোর মধ্যে সীমাবদ্ধ করে শিক্ষার্থীদের প্রদান করা হয় এবং প্রাতিষ্ঠানিক শিক্ষা (Formal Education)-এর মাধ্যমেই এটি বাস্তবায়িত হয়।

➢ **সংকীর্ণ অর্থে শিক্ষার বৈশিষ্ট্য (Characteristics of Narrow Meaning of Education)** - সংকীর্ণ অর্থে শিক্ষার যে সমস্ত বৈশিষ্ট্য পরিলক্ষিত হয় সেগুলি হল -

✓ **পুঁথিগত শিক্ষা (Book-Centered Education):** এই শিক্ষার মূল ভিত্তি হলো পাঠ্যবই বা গ্রন্থ। শিক্ষার্থী বইয়ের বিষয়বস্তু মুখস্থ করে বা শিখে জ্ঞান অর্জন করে। তাই এটি তাত্ত্বিক জ্ঞানকে বেশি গুরুত্ব দেয়।

✓ **ডিগ্রী অর্জনের প্রক্রিয়া (Degree-Oriented Process):** এখানে শিক্ষার লক্ষ্য থাকে মূলত ডিগ্রী অর্জন করা। শিক্ষার মান বা প্রয়োগযোগ্যতা অনেক সময় ডিগ্রির মাধ্যমে বিচার করা হয়, জ্ঞান বাস্তবে প্রয়োগের ওপর নয়।

✓ **চার দেওয়ালের মধ্যে সীমাবদ্ধ (Confined within Classroom):** এই শিক্ষা কেবলমাত্র বিদ্যালয়, কলেজ বা বিশ্ববিদ্যালয়ের চার দেওয়ালের মধ্যেই সীমাবদ্ধ থাকে। বাইরের জীবন বা বাস্তব অভিজ্ঞতা এখানে তেমনভাবে অন্তর্ভুক্ত হয় না।

✓ **নির্দিষ্ট নিয়ম ও বিধি (Strict Rules and Regulations):** শিক্ষার প্রতিটি ধাপ নির্দিষ্ট নিয়মের মাধ্যমে পরিচালিত হয়। যেমন—পাঠ্যক্রম, পরীক্ষার নিয়ম, উপস্থিতি, সময়সূচি ইত্যাদি কঠোরভাবে মানা হয়।

✓ **প্রাতিষ্ঠানিক শিক্ষা (Institution-Centered Education):** সংকীর্ণ অর্থে শিক্ষা কেবলমাত্র প্রাতিষ্ঠানিক শিক্ষার মাধ্যমে অর্জিত হয়। অর্থাৎ বিদ্যালয়, কলেজ ও বিশ্ববিদ্যালয়ই হলো এর কেন্দ্রস্থল।

✓ **শিক্ষক-শিক্ষার্থীর সম্পর্ক (Teacher-Student Relationship):** এখানে শিক্ষককে ধরা হয় জ্ঞানের দাতা (Giver of Knowledge) এবং শিক্ষার্থীকে ধরা হয় জ্ঞানের গ্রহীতা (Receiver of Knowledge)। ফলে শিক্ষকের ভূমিকা হয় কর্তৃত্বমূলক এবং শিক্ষার্থীকে নিষ্ক্রিয়ভাবে জ্ঞান গ্রহণ করতে হয়।

Edubitan

✓ **পরীক্ষা ও মূল্যায়ন নির্ভরতা (Examination-Oriented):** শিক্ষার্থীর জ্ঞানের স্তর পরীক্ষা ও মূল্যায়নের মাধ্যমে নির্ধারণ করা হয়। অর্থাৎ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের মাধ্যমেই শিক্ষার্থীর মেধা যাচাই হয়।

✓ **তাত্ত্বিক জ্ঞান (Theoretical Knowledge):** এই শিক্ষায় বাস্তব জীবনমুখী শিক্ষা বা ব্যবহারিক দক্ষতার চেয়ে তাত্ত্বিক জ্ঞানকে গুরুত্ব দেওয়া হয়। ফলে শিক্ষার্থীর বাস্তব সমস্যা সমাধানের ক্ষমতা অনেক সময় গড়ে ওঠে না।

সংকীর্ণ অর্থে শিক্ষা এমন এক শিক্ষা ব্যবস্থা যা মূলত ডিগ্রী, সার্টিফিকেট ও বইভিত্তিক জ্ঞান অর্জনের মধ্যে সীমাবদ্ধ। যদিও এর মাধ্যমে শিক্ষার্থীরা প্রাতিষ্ঠানিক স্বীকৃতি পায়, তবে এটি বাস্তব জীবনের জন্য প্রয়োজনীয় অভিজ্ঞতা, সৃজনশীলতা ও ব্যবহারিক দক্ষতা প্রদান করতে সক্ষম হয় না। এজন্য আজকের আধুনিক সমাজে সংকীর্ণ অর্থে শিক্ষাকে প্রসারিত করে বিস্তৃত অর্থে শিক্ষার (Broader Meaning of Education) প্রয়োজনীয়তার উপর জোর দেওয়া হচ্ছে।

**সংক্ষিপ্তধর্মী প্রশ্নোত্তর -** **প্রশ্নের মান - 5**

**প্রশ্ন – ১ শিক্ষার ধারণাটি লেখো। (Write the concept of Education.)**

✪ উত্তর – **শিক্ষার ধারণা (Concept of Education)** - শিক্ষা (Education) হল মানুষের সামগ্রিক বিকাশের একটি প্রক্রিয়া। এর মাধ্যমে মানুষ তার ভেতরের সুপ্ত শক্তিকে জাগ্রত করে, জ্ঞান ও দক্ষতা অর্জন করে, সঠিক মূল্যবোধ গড়ে তোলে এবং সমাজে সুনাগরিক হিসেবে জীবনযাপন করতে শেখে। শিক্ষা শুধু পাঠ্যপুস্তক বা বিদ্যালয়ের মধ্যেই সীমাবদ্ধ নয়, বরং পরিবার, সমাজ, পরিবেশ ও অভিজ্ঞতার মাধ্যমেও শিক্ষা লাভ করা যায়।

সাধারণভাবে শিক্ষা শব্দটি সংস্কৃত *'শাস'* ধাতু থেকে এসেছে। যার আক্ষরিক অর্থ হল - শাসন করা, নির্দেশ দেওয়া, নিয়ন্ত্রণ করা বা শাস্তি দান করা প্রভৃতি।

আবার সাহিত্য একাডেমী কর্তৃক প্রকাশিত বঙ্গীয় শব্দকোষ অনুযায়ী শিক্ষা শব্দটি *'শিক্ষ'* ধাতু থেকে এসেছে, যার অর্থ হল বিদ্যা গ্রহণ বা শেখা।

শিক্ষা শব্দটির সমার্থক শব্দ 'বিদ্যা' শব্দটি অধিক জনপ্রিয়। এটি সংস্কৃত *'বিদ্'* ধাতুরূপ থেকে এসেছে। যার অর্থ হল জ্ঞান অর্জন করা বা জানা। অর্থাৎ কোনো কিছু সম্পর্কে জ্ঞান বা কৌশল আয়ত্ত করা।

এছাড়া শিক্ষা শব্দটির ইংরেজি Education শব্দটি চারটি ল্যাটিন শব্দের সমন্বয়ে গঠিত, সেগুলি হল -

i) Educere যার অর্থ হল - নির্দেশনা দেওয়া (to lead out) বা নিষ্কশন করা (to draw out)

ii) Educare যার অর্থ হল - পরিচর্যা বা প্রতিপালন করা (to nourish, to bring up)

iii) Educatum যার অর্থ হল - শিক্ষাদানের কাজ (act of teaching training)

iv) Educo যার অর্থ হল - বাইরে নিয়ে আসা (to lead out)

➢ **শিক্ষার সংজ্ঞা (Definition of Education)** - শিক্ষার সংজ্ঞা কি এ বিষয়ে বিভিন্ন শিক্ষাবিদদের প্রদত্ত বিভিন্ন সংজ্ঞা পরিলক্ষিত হয়, সেগুলি হল-

✓ **রবীন্দ্রনাথের মতে** - শিক্ষা হল শিক্ষা শুধুমাত্র তথ্য পরিবেশন করে না, বরং বিশ্ব প্রকৃতির সঙ্গে অভিযোজন করাই হল শিক্ষা।

✓ **বিবেকানন্দের মতে** - শিক্ষা হল শিশুর অন্তর্নিহিত সত্তার পরিপূর্ণ বিকাশ সাধন করা। অর্থাৎ শিশুর মধ্যে যে সুপ্ত সম্ভাবনা আগে থেকে বিদ্যমান তার পরিপূর্ণ বিকাশ সাধন করাই হলো শিক্ষার লক্ষ্য। চকমকি পাথরের মধ্যে যেমন আগুন লুকিয়ে থাকে তেমনি শিশুর মধ্যে লুকিয়ে থাকা সুপ্ত সম্মোহনা বিকাশ সাধনের মাধ্যমে শিক্ষার্থীদের বিকাশ সাধন করাই হল শিক্ষা।

✓ **মহাত্মা গান্ধীর মতে** - শিক্ষা হল শিক্ষার্থীর দেহ, মন ও আত্মার পরিপূর্ণ বিকাশ সাধন।

✓ **ঋষি অরবিন্দের** - শিক্ষা হল শিশুকে দিব্য জীবনের জন্য প্রস্তুত করা।

✓ **শংকরাচার্যের মতে** - শিক্ষা হল আত্ম উপলব্ধি বা আত্মজ্ঞান লাভ করা।

✓ **অ্যারিস্টটলের মতে শিক্ষা** - সুস্থ দেহে সুস্থ মনের সৃষ্টি করা হল শিক্ষা।

➢ **শিক্ষার গুরুত্ব (Importance of Education)** - শিক্ষার গুরুত্ব বিভিন্ন দিক থেকে বর্তমান, সেগুলি হল -

- **ব্যক্তিগত উন্নয়ন (Personal Development):** শিক্ষা মানুষকে জ্ঞানী, দক্ষ ও সৃজনশীল করে তোলে।

# অধ্যায় – ২ শিক্ষার উপাদান
## (Factors of Education)

**রচনাধর্মী প্রশ্নোত্তর -** **প্রতিটি প্রশ্নের মান – 10**

**প্রশ্ন – ১** একজন সুশিক্ষকের ব্যক্তিগত ও পেশাগত গুণাবলী আলোচনা করো। (Discuss the personal and professional qualities of a good teacher.) *CU (Hons.) 20, CU (Hons.) 18, CU (Gen.) 18,*

অথবা, একজন আদর্শ শিক্ষকের কার্যাবলী আলোচনা করো। (Discuss the functions of an ideal teacher.) *CU (Gen.) 20,*

অথবা, একজন আদর্শ শিক্ষকের কি কি গুণাবলী থাকা উচিত? (What should be the qualities of an ideal teacher?) *CU (Gen.) 19,*

✪ **উত্তর** – শিক্ষার অন্যতম প্রধান উপাদান হলেন শিক্ষক। আদর্শ শিক্ষকের উপর শিক্ষা ব্যবস্থা গুণমান নির্ভর করে। তাছাড়া শিক্ষক হলেন জাতির মেরুদন্ড স্বরূপ। অর্থাৎ দেশ তথা জাতি গঠনের ক্ষেত্রে শিক্ষকের ভূমিকা উল্লেখযোগ্য। একজন আদর্শ শিক্ষকই পারেন পিছিয়ে পড়া জনজাতিকে শিক্ষার আলোয় আলোকিত করে সমাজের মূল স্রোতে নিয়ে আসা।

তাই সমাজের সমস্ত পেশার থেকে শিক্ষকতা পেশার একটি গুরুত্বপূর্ণ ও সম্মানজনক পেশা হিসেবে পরিগণিত হয়। শিক্ষকতা নামক মহান পেশার ক্ষেত্রে শিক্ষকের ব্যক্তিগত ও পেশাগত গুণাবলীর দিকটি বিশেষভাবে প্রাধান্য পায়। একজন আদর্শ শিক্ষকের গুণাবলীকে দুটি ভাগে ভাগ করা হয়। যথা -

Edubitan

- ✦ ব্যক্তিগত গুণাবলী এবং
- ✦ পেশাগত গুণাবলী।

✦✦ **ব্যক্তিগত গুণাবলী (Personal Qualities)** - একজন আদর্শ শিক্ষক ব্যক্তিত্বের দিক থেকে সুগুনের অধিকারী হবেন। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর বলেছিলেন - "উত্তম শিক্ষক হবেন উত্তম ছাত্র"। তাই একজন আদর্শ শিক্ষকের যে সমস্ত ব্যক্তিগত গুণাবলী থাকা প্রয়োজন সেগুলি হল, নিম্নলিখিত -

✤ **দায়িত্বশীলতা** - একজন আদর্শ শিক্ষক অবশ্যই দায়িত্বশীল হবেন। কারণ শিক্ষকের সমাজ এবং শিক্ষার্থীদের প্রতি দায়বদ্ধতা বর্তমান। তাই দায়িত্বশীলতা একজন আদর্শ শিক্ষকের অন্যতম গুণাবলী।

✤ **নমনীয়তা** - একজন আদর্শ শিক্ষকের অন্যতম গুণাবলী হল নমনীয়তা। কারণ শিক্ষকের আদর্শে শিক্ষার্থীরা অনুপ্রাণিত হয়ে গড়ে ওঠে। তাই শিক্ষক মহাশয় শিক্ষার্থীদের প্রতি কঠোর না হয়ে নমনীয় মনোভাব সম্পন্ন হবেন।

✤ **ধৈর্যশীল** - ধৈর্যশীলতা একজন আদর্শ শিক্ষকের অন্যতম গুণাবলী। কারণ শিক্ষাদানের ক্ষেত্রে তাড়াহুড়ো করার কোনো বিষয় নেই। তাই শিক্ষক মহাশয় ধৈর্য সহকারে শিক্ষার্থীদের কাছে পাঠের বিষয় উপস্থাপন করবে, যাতে শিক্ষার্থীরা পড়াশোনার প্রতি মনোযোগী এবং আগ্রহী হয়।

| | | |
|---|---|---|
| বয়স | এই শিক্ষা নির্দিষ্ট বয়সের মধ্যে সীমাবদ্ধ। | এই শিক্ষার নির্দিষ্ট কোন বয়সসীমা নেই। |
| শিক্ষার্থীর সংখ্যা | এই পদ্ধতিতে শিক্ষার্থীদের সংখ্যা সুনির্দিষ্ট থাকে। | প্রথা বহির্ভূত শিক্ষায় শিক্ষার্থীদের সংখ্যা অনির্দিষ্ট। |
| শিক্ষাকাল | এই শিক্ষা নির্দিষ্ট সময়ের মধ্যে সীমাবদ্ধ থাকে। | এই শিক্ষার নির্দিষ্ট সময়সীমা নেই। অর্থাৎ এই শিক্ষা সারা জীবনব্যাপী প্রক্রিয়া। |
| খরচ | এই শিক্ষা অনেক বেশি ব্যয়বহুল। | এই শিক্ষার খরচ তুলনামূলকভাবে কম হয়। |
| মূল্যায়ন | এই শিক্ষার নির্দিষ্ট সময় অন্তর মূল্যায়ন ব্যবস্থা পরিলক্ষিত হয়। | এই শিক্ষার কোন মূল্যায়ন ব্যবস্থা থাকে না। |
| ডিগ্রী প্রদান | এই শিক্ষায় শিক্ষার শেষে শিক্ষার্থীরা সার্টিফিকেট বা ডিগ্রী লাভ করে থাকে। | এই শিক্ষায় শিক্ষা কেন্দ্রগুলি শিক্ষার শেষে সার্টিফিকেট প্রদান করে। |
| পাঠক্রম | এই শিক্ষা পূর্বনির্ধারিত পাঠক্রম অনুসরণ করা হয়। | এই শিক্ষায় পূর্বনির্ধারিত কোন পাঠক্রম থাকে না বা অনুসরণ করা হয় না। |
| শিক্ষার স্থান | এই শিক্ষা সম্পন্ন হয় বিদ্যালয়ের চার দেওয়ালের মধ্যে বা নির্দিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে। | এই শিক্ষার নির্দিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান নেই। তবে বিভিন্ন স্টাডি সেন্টার বর্তমান। |
| শৃঙ্খলা | এই শিক্ষায় শৃঙ্খলা কঠোর প্রকৃতির হয়ে থাকে। | এই শিক্ষায় শৃঙ্খলা অপেক্ষাকৃত নমনীয় প্রকৃতির হয়ে থাকে। |
| শিক্ষক | এই শিক্ষায় প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের দ্বারা শিক্ষাদান কার্যসম্পন্ন হয়। | এই শিক্ষায় শিক্ষক শিক্ষার্থীর মধ্যে পারস্পরিক মিথস্ক্রিয়া সংঘটিত হয় না। ফলে শিক্ষকের প্রয়োজন নেই বললেই চলে। |
| সংস্থা | প্রথাগত শিক্ষার অন্যতম সংস্থা হল - বিদ্যালয়। | প্রথা বহির্ভূত শিক্ষার সংস্থা হল - মুক্ত বিশ্ববিদ্যালয় ও দূর শিক্ষার প্রতিষ্ঠান। |

Edubitan

**অতি সংক্ষিপ্তধর্মী প্রশ্নোত্তর -** **প্রশ্নের মান - 2**

✦✦ **শিক্ষার বিভিন্ন উপাদানগুলি কি কি? (What are the different factors of education?)**

**অথবা, শিক্ষার প্রধান চারটি উপাদানের নাম উল্লেখ করো। (Mention the name of the four main factors of education.)**

➢ শিক্ষার প্রধান চারটি উপাদানের নাম হল –

- শিশু বা শিক্ষার্থী (Learner),
- শিক্ষক (Teacher),
- পাঠক্রম (Curriculum) ও
- শিক্ষাপ্রতিষ্ঠান (Educational Institution)।

# অধ্যায় — ৩ শিশুকেন্দ্রিক ও খেলাভিত্তিক শিক্ষা

(Child Centricism and Play-way in Education)

রচনাধর্মী প্রশ্নোত্তর — প্রতিটি প্রশ্নের মান – 10

**প্রশ্ন – ১ শিশুকেন্দ্রিক শিক্ষাব্যবস্থা বলতে কী বোঝো? আধুনিক শিক্ষায় শিশুকেন্দ্রিক শিক্ষার তাৎপর্য উল্লেখ করো? (What do you mean by child-centric education? Mention the significance of child-centricism in modern education.)** *CU (Hons.) 21, 23, CU (Gen.) 20, CU (MDC) 23,*

✪ উত্তর – ✦✦ **শিশুকেন্দ্রিক শিক্ষাব্যবস্থা (Child-centric education)** - প্রাচীনকালে শিক্ষাদান ব্যবস্থা ছিল গতানুগতিক, শিক্ষক কেন্দ্রিক এবং সংকীর্ণ অর্থে শিক্ষা। তাই প্রাচীনকালে শিক্ষাকে বলা হত - "Spare the rod and spoil the child." অর্থাৎ দুরন্ত শিশুকে ডান্ডা মেরে ঠান্ডা করার নীতি ছিল শিক্ষার প্রধান বিষয়। ফলে শিক্ষা ক্ষেত্রে শিশুদের উপর কোন গুরুত্ব আরোপ করা হতো না।

শিক্ষকগণ ছিলেন শিশুর প্রধান শাসনকর্তা। অর্থাৎ শিক্ষক হলেন সক্রিয় জ্ঞানদাতা ও প্রাণবন্ত মানুষ। যেখানে শিক্ষার্থীদের ভূমিকা ছিল নিষ্ক্রিয় শ্রোতার। এখানে শিক্ষার অর্থ হল - শিক্ষার জন্য শিশু, শিশুর জন্য শিক্ষা নয়। আর এই প্রাচীন গতানুগতিক শিক্ষা ব্যবস্থার বিরুদ্ধে প্রতিবাদ স্বরূপ জন্ম হয়েছে - শিশু কেন্দ্রিক শিক্ষার (Child Centered Education)।

✦✦ **শিশুকেন্দ্রিক শিক্ষার সংজ্ঞা (Definition of Child Centered Education)** - যে শিক্ষা শিশুর চাহিদা, আগ্রহ, প্রবণতা, মনোযোগ, ক্ষমতা প্রভৃতির উপর গুরুত্ব আরোপ করে এবং সেই অনুযায়ী শিক্ষার লক্ষ্য, শিক্ষার পাঠক্রম, শিক্ষাদান পদ্ধতি, শিক্ষকের ভূমিকা প্রভৃতি নির্ধারিত হয়, তাকে শিশু কেন্দ্রিক শিক্ষা বলে (Child Centered Education)।

Edubitan.

শিশুকেন্দ্রিক শিক্ষা অনুযায়ী - শিক্ষার মূল কেন্দ্রবিন্দু হল শিশু বা শিক্ষার্থী। অর্থাৎ শিশুকে কেন্দ্র করে যে শিক্ষার সমস্ত আয়োজন সম্পন্ন করা হয়ে থাকে, তাকে শিশুকেন্দ্রিক শিক্ষা বলে। শিশুর বিকাশ সাধন করাই হল শিশু কেন্দ্রিক শিক্ষার মূল লক্ষ্য।

✦✦ **শিশুকেন্দ্রিক শিক্ষার তাৎপর্য (Significance of Child Centered Education)** - শিশুকেন্দ্রিক শিক্ষা একটি শিক্ষামূলক পদ্ধতি যা শিশু বা শিক্ষার্থীকে শিখন প্রক্রিয়ার প্রধান কেন্দ্র। এই পদ্ধতিটি প্রতিটি শিক্ষার্থীর স্বাধীনতাকে স্বীকৃতি দেয়। তাই শিশুর চাহিদা, আগ্রহ, প্রবনতা এবং ক্ষমতা অনুসারে যে শিক্ষাব্যবস্থা তাকে, শিশুকেন্দ্রিক শিক্ষা বলে। শিশুকেন্দ্রিক শিক্ষার তাৎপর্য যে সমস্থ দিক থেকে বর্তমান, সেগুলি হল নিম্নলিখিত -

✤ **সামগ্রিক বিকাশ (Overall Development)** - শিশুকেন্দ্রিক শিক্ষা শিশুর সামগ্রিক বিকাশের উপর গুরুত্ব আরোপ করে। এই শিক্ষার মাধ্যমে শিশুদের শারীরিক, মানসিক, সামাজিক, আধ্যাত্মিক প্রভৃতি দিকের বিকাশ ঘটানো হয়। অর্থাৎ শিশুকেন্দ্রিক শিক্ষা শিক্ষার্থীদের সর্বাঙ্গীণ বিকাশ সাধনের ক্ষেত্রে বিশেষ তাৎপর্য রয়েছে।

| | | |
|---|---|---|
| ভূমিকা | করা। অর্থাৎ শিক্ষকগণ নির্দেশনা দেন, সহায়তা করেন এবং শিশুদের শেখার কার্যক্রম তত্ত্বাবধান করেন। | করা, প্রশ্ন জাগানো। অর্থাৎ শিক্ষকগণ পর্যবেক্ষক হিসাবে কাজ করেন, শিশুদের প্রয়োজন অনুযায়ী সহায়তা করেন। |
| শিশুর ভূমিকা | নির্দেশাবলী অনুসরণ করা, নির্ধারিত কার্যক্রমে অংশগ্রহণ করা। | স্বাধীনভাবে কাজ করা, নিজের আগ্রহ অনুসরণ করা, নিজের স্বাধীনতা অনুযায়ী শিখতে পারে। |
| শৃঙ্খলা | সাধারণত কিছু সীমাবদ্ধতা থাকে। শিক্ষকগণ শিশুদের কার্যক্রমগুলিকে নির্দেশনা দেন এবং তত্ত্বাবধান করেন। | শিশুদের স্বাধীনতা দেওয়া হয়। তারা তাদের নিজস্ব আগ্রহ অনুসরণ করতে এবং তাদের নিজস্ব স্বাধীনতা অনুযায়ী শিখতে পারে। |
| সুবিধা | ✤ এই পদ্ধতির সুবিধা হল - <br>• উপহার ও বৃত্তির মাধ্যমে শিক্ষা, <br>• আনন্দপুর্ণ পরিবেশের শিক্ষাদান, <br>• সামাজিক গুনাবলীর বিকাশ, <br>• সৃজনশীলতার বিকাশ। | ✤ এই পদ্ধতির সুবিধা হল - <br>• স্বাধীন চিন্তাধারা ও সৃজনশীলতা বিকাশে সহায়ক, <br>• ব্যক্তিগত শেখার সুযোগ, <br>• শিশুর আগ্রহের উপর ভিত্তি করে শেখা। |
| অসুবিধা | ✤ এই পদ্ধতির অসুবিধা হল - <br>• শিশুর স্বাধীনতায় বাধা দেয়, <br>• নির্দিষ্ট শেখার ধারায় আবদ্ধ থাকতে হয়, <br>• মূল্যায়ন আনুষ্ঠানিক ও চাপ সৃষ্টিকর। | ✤ এই পদ্ধতির অসুবিধা হল - <br>• শৃঙ্খলা বজায় রাখা কঠিন, <br>• শিক্ষককে প্রশিক্ষণের প্রয়োজন বেশি, <br>• সব পরিবেশে উপযোগী নাও হতে পারে। |

Edubitan.

**সংক্ষিপ্তধর্মী প্রশ্নোত্তর -** **প্রশ্নের মান - 5**

প্রশ্ন – ১ **শিশুকেন্দ্রিক শিক্ষাব্যবস্থার বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।** (Briefly discuss the characteristics of child centric education.) *CU (Hons.) 19, CU (MN-1) 24,*

অথবা, **শিশুকেন্দ্রিক শিক্ষাব্যবস্থার পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ করো।** (Mention five characteristics of child-centric education.) *CU (Hons.) 21,*

✪ উত্তর – শিশুকেন্দ্রিক শিক্ষা অনুযায়ী - শিক্ষার মূল কেন্দ্রবিন্দু হল শিশু বা শিক্ষার্থী। অর্থাৎ শিশুকে কেন্দ্র করে যে শিক্ষার সমস্ত আয়োজন সম্পন্ন করা হয়ে থাকে, তাকে শিশুকেন্দ্রিক শিক্ষা বলে। শিশুর বিকাশ সাধন করাই হল শিশু কেন্দ্রিক শিক্ষার মূল লক্ষ্য।

✦✦ **শিশুকেন্দ্রিক শিক্ষার বৈশিষ্ট্য বা মূলনীতি** (Characteristics of Child Centered Education) - শিশুকেন্দ্রিক শিক্ষার মূল কেন্দ্রবিন্দু হল শিশু বা শিক্ষার্থী। এই শিক্ষার যে সমস্ত গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য বা মূলনীতি পরিলক্ষিত হয়, সেগুলি হল -

✤ **শিশুই প্রধান** - শিশুকেন্দ্রিক শিক্ষার প্রধান বৈশিষ্ট্য হল শিশুই প্রধান। অর্থাৎ এই শিক্ষার মূল কেন্দ্রবিন্দুতে রয়েছে শিশু। শিশুর চাহিদা, আগ্রহ, প্রবণতা ও সামর্থ্য অনুযায়ী এই শিক্ষা যাবতীয় আয়োজন করা হয়ে থাকে।

✤ **বিচারকরন** (Judment) - প্রজেক্ট পদ্ধতির সর্বশেষ স্তর। এখানে প্রথম স্তরের উদ্দেশ্যের ভিত্তিতে যে কর্মসূচি গৃহীত হয়েছিল তা সঠিকভাবে পরিপূরণ করতে পেরেছে কিনা বা পারবে কিনা তার বিচারকরন করা হয়। অর্থাৎ এখানে সমস্যাটির ফলাফল যুক্তি নির্ভর কিনা, বাস্তবসম্মত ও গ্রহণযোগ্য কিনা তার বিচার বিবেচনা করা হয়।

সুতরাং প্রজেক্ট পদ্ধতির প্রতিটি স্তর একে অপরের সঙ্গে সম্পর্কযুক্ত। তাই প্রত্যেকটি স্তরের শিক্ষার্থীরা সঠিকভাবে তাদের শিক্ষক মহাশয়ের সঙ্গে ক্রিয়া প্রতিক্রিয়ার মধ্য দিয়ে জ্ঞান লাভ করতে সক্ষম হবে।

## অতি সংক্ষিপ্তধর্মী প্রশ্নোত্তর - প্রশ্নের মান - 2

✦✦ **শিশুকেন্দ্রিক শিক্ষা কাকে বলে? (What is Child-centric Education?)**

✤ যে শিক্ষা শিশুর চাহিদা, আগ্রহ, প্রবণতা, মনোযোগ, ক্ষমতা প্রভৃতির উপর গুরুত্ব আরোপ করে এবং সেই অনুযায়ী শিক্ষার লক্ষ্য, শিক্ষার পাঠক্রম, শিক্ষাদান পদ্ধতি, শিক্ষকের ভূমিকা প্রভৃতি নির্ধারিত হয়, তাকে শিশু কেন্দ্রিক শিক্ষা বলে (Child Centered Education)।

শিশুকেন্দ্রিক শিক্ষা অনুযায়ী - শিক্ষার মূল কেন্দ্রবিন্দু হল শিশু বা শিক্ষার্থী। অর্থাৎ শিশুকে কেন্দ্র করে যে শিক্ষার সমস্ত আয়োজন সম্পন্ন করা হয়ে থাকে, তাকে শিশুকেন্দ্রিক শিক্ষা বলে।

✦✦ **শিশুকেন্দ্রিক শিক্ষার জনক কে? (Who is the father of child centric education?)**

✤ শিশুকেন্দ্রিক শিক্ষার জনক হলেন ফরাসি শিক্ষাবিদ ও দার্শনিক রুশো (Jean Jacques Rousseau).

✦✦ **রুশোকে কেন শিশুকেন্দ্রিক শিক্ষার জনক বলা হয়? (Why is Rousseau called the father of child-centered education?)**

✤ রুশোকে শিশুকেন্দ্রিক শিক্ষার জনক বলা হয়, কারণ তিনি সর্বপ্রথম শিশুর চাহিদা, আগ্রহ, প্রবণতা ও সামর্থ্য প্রভৃতির উপর গুরুত্ব আরোপ করে যাবতীয় শিক্ষাদানের কথা বলেছিলেন। শিশুকেন্দ্রিক শিক্ষার উপর গুরুত্ব আরোপ করতে গিয়ে তিনি বলেন - প্রকৃতিদত্ত সবকিছুই ভালো, কিন্তু মানুষের হাতে তা কলুষিত হয়। সেই জন্য তিনি শিশুকে প্রকৃতির কোলে মুক্তভাবে শিক্ষাদানের কথা বলেছিলেন।

Edubitan.

✦✦ **শিশুকেন্দ্রিক শিক্ষার দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো। (State two characteristics of child-centric education)**

✤ শিশুকেন্দ্রিক শিক্ষার দুটি বৈশিষ্ট্য হল –

- ✓ শিশুই প্রধান ও
- ✓ অবাধ স্বাধীনতা।

✦✦ **শিশুকেন্দ্রিক শিক্ষার দুটি গুরুত্ব লেখো। (Write two importance of child centric education.)**

**অথবা, শিশুকেন্দ্রিক শিক্ষার দুটি প্রয়োজনীয়তা লেখো। (Write two needs of child centric education.)**

✤ শিশুকেন্দ্রিক শিক্ষার দুটি গুরুত্ব / প্রয়োজনীয়তা হল -

- ✓ **ব্যক্তিত্ব বিকাশ** (Personality Development): শিশুকেন্দ্রিক শিক্ষা শিশুদের স্বাভাবিক কৌতূহল, আগ্রহ ও ক্ষমতাকে গুরুত্ব দেয়। এর ফলে তাদের সৃজনশীলতা, আত্মবিশ্বাস ও স্বতন্ত্র চিন্তাশক্তি গড়ে ওঠে।

# 2024

## EDUCATION - MINOR

### Paper: MN-1

**(Introduction and Philosophical Foundation of Education)**

**Full Marks: 75**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

**১। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও:** ১০x৩

(ক) প্রয়োগবাদের মূল নীতিগুলি লেখো। শিক্ষাক্ষেত্রে প্রয়োগবাদের প্রভাব আলোচনা করো। ৪+৬

(খ) সহপাঠক্রমিক কার্যাবলি কাকে বলে? শিক্ষার্থীদের সর্বাঙ্গীণ বিকাশে সহপাঠক্রমিক কার্যাবলির ভূমিকা আলোচনা করো। ২+৮

(গ) শিশুকেন্দ্রিক শিক্ষা বলতে কী বোঝো? শিশুকেন্দ্রিক শিক্ষার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ৩+৭

(ঘ) মন্টেসরি শিক্ষাপদ্ধতির বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ১০

**২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও:** ৫x৫

(ক) ব্যাপক অর্থে শিক্ষার ধারণা দাও।

(খ) অষ্টাঙ্গিক মার্গ বলতে কী বোঝো?

(গ) শিশুশিক্ষায় বংশগতি ও পরিবেশের ভূমিকা সংক্ষেপে লেখো।

(ঘ) খেলাভিত্তিক শিক্ষার বৈশিষ্ট্যগুলি লেখো।

Edubitan.

(ঙ) টীকা লেখো: উপহার ও বৃত্তি।

(চ) প্রথাগত ও প্রথাবহির্ভূত শিক্ষাব্যবস্থার পার্থক্য লেখো।

**৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও:** ২x১০

(ক) ডেল'র কমিশন অনুযায়ী 'Learning to do' বলতে কী বোঝায়?

(খ) অ-প্রথাগত শিক্ষা কাকে বলে? একটি উদাহরণ দাও।

(গ) শিক্ষার সংকীর্ণ ও ব্যাপক অর্থের মধ্যে দুটি পার্থক্য লেখো।

(ঘ) শিশুকেন্দ্রিক শিক্ষার যে-কোনো দুটি তাৎপর্য লেখো।

(ঙ) প্রকৃতিবাদ অনুসারে শিক্ষার লক্ষ্য কী হওয়া উচিত?

(চ) বৈদিক দর্শন অনুযায়ী শিক্ষকের ভূমিকা কী?

(ছ) আদর্শ শিক্ষকের দুটি গুরুত্বপূর্ণ গুণের উল্লেখ করো।

(জ) দুজন প্রকৃতিবাদী দার্শনিকের নাম লেখো।

(ঝ) 'ডাইডেকটিক যন্ত্র' কী?

(ঞ) বৌদ্ধ দর্শনের চারটি আর্যসত্য কী কী?

# সমাপ্ত

# PDF বইটি কিনবেন কিভাবে?

| ধাপ | প্রক্রিয়া | বিস্তারিত |
|---|---|---|
| 1 | অর্ডার করুন (Order) | store.edubitan.com-এর নির্দিষ্ট লিঙ্ক বা Home/Shop পেজে "Add to cart" অপশন ক্লিক করুন ⟶ View Cart , ⟶ Process to Checkout ⟶ Contact information ⟶ Place Order ⟶ পেমেন্ট অপশন (GPay/Bank etc) ⟶ Complete Payment ⟶ Download Pdf |
| 2 | ডেমো PDF দেখুন (View Demo PDF) | Add to cart / Buy অপশনের উপরে Demo PDF অপশন থাকবে। এখানে বইটির ডেমো কপি দেখতে পারবেন। |
| 3 | পেমেন্ট করুন (Make Payment) | পেমেন্ট ফর্ম সঠিকভাবে পূরণ করে পেমেন্ট করলে অটোম্যাটিকভাবে ডাউনলোড পেজ ওপেন হবে ও পিডিএফ ডাউনলোড করতে পারবেন। |
| 4 | সমস্যা হলে যোগাযোগ (Contact for Issues) | সমস্যা হলে edubitan.com@gmail.com –এই মেল আইডিতে পেমেন্ট স্ক্রিনশটসহ ইমেইল করতে হবে। সাথে WhatsApp নম্বর উল্লেখ করুন। ২৪-৭২ ঘণ্টার মধ্যে সমাধান করা হবে। |
| 5 | শুধুমাত্র পিডিএফ (PDF Only) | এটি কেবল **ডিজিটাল পিডিএফ কপি** (eBook), কোনো প্রিন্ট বা হার্ড কপি পাওয়া যাবে না। |
| 6 | রিফান্ড নীতি (Refund Policy) | একবার পেমেন্ট করলে **রিফান্ড দেওয়া হবে না।** |
| 7 | বিস্তারিত তথ্য (More Info) | বিস্তারিত জানতে store.edubitan.com ভিজিট করুন। |
| **ধন্যবাদ** | | |